



BANGLADESH-CHINA POWER COMPANY (PVT.) LIMITED

(A Joint Venture of CMC and NWPGL)

Unique Trade Centre (Level-4&5), 8 Panthapath, Kawranbazar, Dhaka-1215, Bangladesh
Phone No. 9143908, 9140757, Web: www.bcpcl.org.bd, E-mail: info@bcpcl.gov.bd

সূত্র নং- ০৯০/বিসিপিএল/মানবসম্পদ/নিয়োগ/২০১৬

তারিখঃ ১২ ফেব্রুয়ারি, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি (প্রাঃ) লিমিটেড এর অধীন বাংলাদেশ-চায়না টেকনিক্যাল ইনস্টিটিউট, পায়রা, পটুয়াখালী-এ প্রচলিত বেতন-ভাতা মোতাবেক নিম্নবর্ণিত পদসমূহে চুক্তি-ভিত্তিক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	মূল বেতন	শূন্য পদ	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা	বয়স
০১	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস)	টাকা ৪০,০০০/- (চল্লিশ হাজার টাকা)	০১	ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট ট্রেডে ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন/ইঞ্জিনিয়ারিং সহ ন্যূনতম ২য় বিভাগ অথবা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ২.৫০ থাকতে হবে। খ) জুনিয়র ইন্সট্রাক্টর হিসেবে যেকোন পলিটেকনিক/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/টেকনিক্যাল ট্রেইনিং সেন্টার/ভোকেশনাল স্কুল এ ন্যূনতম ০১ বছরের অভিজ্ঞতা।	বয়সসীমা ১২/০২/২০২০ ইং তারিখে সর্বোচ্চ ৩৫ (পয়ত্রিশ) বছর।
০২	সাইন্স ল্যাব এ্যাসিস্টেন্ট	টাকা ২৩,০০০/- (তেইশ হাজার টাকা)	০১	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/রসায়ন বিষয় সহ স্নাতক ডিগ্রি-এ ন্যূনতম ২য় বিভাগ অথবা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ২.৫০ থাকতে হবে।	বয়সসীমা ১২/০২/২০২০ ইং তারিখে সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।
০৩	ল্যাব এ্যাসিস্টেন্ট (কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি)	টাকা ১৮০০০/- (আঠারো হাজার টাকা)	০১	ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট/বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেডে এইচএসসি (ভোকেশনাল)-এ ২য় বিভাগ অথবা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ২.৫০ থাকতে হবে। খ) ল্যাব এ্যাসিস্টেন্ট হিসেবে কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ বছরের অভিজ্ঞতা। অথবা, ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট/বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেডে এসএসসি (ভোকেশনাল)-এ ২য় বিভাগ অথবা সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ২.৫০ থাকতে হবে। খ) ল্যাব এ্যাসিস্টেন্ট হিসেবে কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা।	বয়সসীমা ১২/০২/২০২০ ইং তারিখে সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

আর্থিক সুবিধাদিঃ

প্রচলিত হার অনুযায়ী বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

শর্তাবলীঃ

১. আবেদনপত্র এবং পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তের সাথে নিম্নোক্ত সনদ ও কাগজপত্রাদির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবেঃ

(ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; (খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতার সনদ; (গ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি; (ঙ) জাতীয় পরিচয়পত্র; (চ) স্থায়ী ঠিকানার বিপরীতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র; (ছ) বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি (প্রাঃ) লিমিটেড এর অনুকূলে ক্রমিক নং ১ এর জন্য ৩০০/- (তিনশত) এবং ক্রমিক নং ২ ও ৩ এর জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যের (অফেরৎ যোগ্য) পে-অর্ডার।

২. প্রার্থী আবেদনপত্রে যে সকল তথ্যাদি উল্লেখ করবেনঃ


(ক) নামঃ	(জ) বর্তমান ঠিকানাঃ
(খ) পিতার নামঃ	(ঝ) স্থায়ী ঠিকানাঃ
(গ) মাতার নামঃ	(ঞ) ধর্মঃ
(ঘ) জন্ম তারিখঃ	(ট) জাতীয়তাঃ
(ঙ) ১২/০২/২০২০ তারিখে বয়সঃ	(ঠ) জাতীয় পরিচয়পত্র নংঃ
(চ) শিক্ষাগত যোগ্যতাঃ	(ড) বৈবাহিক অবস্থাঃ
(ছ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা	(ঢ) মোবাইল নম্বরঃ

৩. উপরিউক্ত তথ্যাদি উল্লেখপূর্বক অনুচ্ছেদ ০২ এ উল্লিখিত কাগজপত্রসহ আবেদন মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), কর্পোরেট অফিস, বিসিপিএল, Unique Trade Center (৫ম তলা), ০৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবরে ০৪/০৩/২০২০ ইং তারিখ অফিস চলাকালীন সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪. প্রার্থীকে আবেদনপত্রের খামের উপর পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৫. অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬. কর্তৃপক্ষ উপরিউক্ত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং এ নিয়োগ স্থগিত/বাতিল/নিয়োগের বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।


(মোঃ মামুনুর রহমান মল্লা)
১২/০২/২০২০

মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)
বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি (প্রাঃ) লিমিটেড